তারিখ ..02 MAR 2016 ...
পৃষ্ঠা ...২৬ কলাম...2......

যুগান্তর

# ঢাবিতে ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষে আহত ৩

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্যার এএফ রহমান হলে আধিপত্য বিস্তারের জের ধরে ছাত্রলীগের দু'গ্রুপের মধ্যে সংঘর্ষে তিন ছাত্র আহত হয়েছেন। আহতদের দু'জনকে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে এবং অন্য একজনকে বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারে ভর্তি করা হয়েছে। গণরুমে সিট দখল নিয়ে সংঘর্ষের সূত্রপাত বলে জানা গেছে। সোমবার রাত আড়াইটার দিকে হলের ১১১নং কক্ষের ঘটনা এটি। আহতরা হলেন— ইসলামিক স্টাডিজ বিভাগের প্রথমবর্ষের ছাত্র ফয়সাল আহমেদ, রাষ্ট্রবিজ্ঞানের রাশিদুল ইসলাম, ইসলামিক স্টাডিজের আতিকুল ইসলাম রানাফ। এরা সবাই প্রথমবর্ষের শিক্ষার্থী। ফয়সাল আহমেদ জানান, রাত ২টার দিকে তাকে ঘুম থেকে ডেকে তোলে মারধর শুরু করে প্রতিপক্ষ গ্রুপ। মারধরের কারণ হিসেবে সে জানায়, তার বাড়ি ছাত্রলীগ সাধারণ সম্পাদক এসএম জাকির হোসাইনের জেলা সিলেটে। ফলে ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটিতে সিলেট থেকে যারা পোস্ট পেয়েছেন তাদের সঙ্গে দেখা করতে যাওয়া এবং 'গেস্টরুম' আসা-যাওয়া না করার কারণেই তাকে মারধর করা হয়েছে। তিনি জানান, হল ছাত্রলীগের নেতা অথুন খান, লোকপ্রশাসনের ছাত্র সিরাজুল ইসলাম সম্রাট, পালির রবিউল ইসলাম, মার্কেটিংয়ের তারিকুর রহমান মিরাজ, সংস্কৃতি বিভাগের তানভীরের ইন্ধনে ১৫-২০ জন প্রথমবর্ষের কর্মী তাকে এলোপাতাড়ি রড, স্ট্যাম্প দিয়ে পেটায় ও কিল ঘুষি দেয়। প্রত্যক্ষদর্শীরা জানান, তৃতীয়বর্ষের শাহরিয়ার এবং চতুর্থবর্ষের শুভ এ ঘটনার মূল হোতা। সংঘর্ষের একপর্যায়ে যোগ দেন হল ছাত্রলীগের শাহরিয়ার, শুভ ও মাসুদ। এ বিষয়ে এসএম জাকির হোসাইন যুগান্তরকে বলেন, বিষয়টি তদন্তের জন্য ঢাবি ছাত্রলীগের সভাপতি আবিদ আল হাসানকে বলা হয়েছে।